গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
পরিকল্পনা ও উন্নয়ন বিভাগ

নং প্রাশিঅ/ পরিঃউন্নঃ/৩৫/২০১০/৬৯৮(৭৮৪০)

তারিখ: ১১ ফাল্গুন ১৪১৮
২৩ ফেব্রুয়ারি ২০১২

পরিপত্র

বিষয়: দারিদ্র পীড়িত এলাকায় স্কুল ফিডিং কর্মসূচি শীর্ষক প্রকল্প বাস্তবায়ন বিষয়ক নির্দেশনা।

সবার জন্য শিক্ষা নিশ্চিতকরণ ও প্রাথমিক শিক্ষার গুণগতমান উন্নয়নে স্কুল ফিডিং প্রোগ্রাম একটি অনন্য সাধারন পদক্ষেপ। সার্বজনীন প্রাথমিক শিক্ষা অর্জন, লিঙ্গ বৈষম্য দূরীকরণ, অধ্যয়নে ছাত্র-ছাত্রীদের অধিক মনোযোগী হিসেবে গড়ে তোলা, প্রাথমিক বিদ্যালয়ে শতভাগ ভর্তি নিশ্চিতকরণ, নিয়মিত উপস্থিতি বৃদ্ধি করা, ঝরে পড়ার হার কমানো ,প্রাথমিক শিক্ষা চক্র সম্পন্নকরণ, ছাত্র-ছাত্রীদের পুষ্টিমান উন্নয়নের মত গুরুত্বপূর্ণ উদ্দেশ্য পূরনকল্পে প্রকল্পটি বাস্তবায়ন করা হচ্ছে। প্রকল্পের কার্যক্রম ৬টি বিভাগের দারিদ্র পীড়িত ৮৬ উপজেলায় বিস্তৃত।

২। দারিদ্র পীড়িত এলাকায় স্কুল ফিডিং কর্মসূচি-ভূক্ত উপজেলা সমূহের সরকারি প্রাথমিক বিদ্যালয়, রেজিঃ বেসরকারী প্রাথমিক বিদ্যালয়, কমিউনিটি প্রাথমিক বিদ্যালয় ও এবতেদায়ী মাদ্রাসার (উপবৃত্তি প্রকল্পভূক্ত) প্রত্যেক শিক্ষার্থী প্রত্যেক পাঠদান দিবসে ৭৫ গ্রাম উচ্চ শক্তিসম্পন্ন উন্নত পুষ্টিযুক্ত বিস্কুট পাবে। এ বিস্কুটের মেয়াদ থাকবে উৎপাদনের তারিখ থেকে এক বছর। প্যাকেটজাত কার্টুনের উপর সুস্পষ্টভাবে বিস্কুট তৈরি ও মেয়াদ উত্তীর্ণের তারিখসহ অন্যান্য গুরুত্বপূর্ণ তথ্য সন্নিবেশিত আছে।

৩। স্কুল শুরুর সাথে সাথে অর্থাৎ প্রথম পিরিয়ডে শ্রেণি শিক্ষক তাঁর শ্রেণিতে বিস্কুট বিতরণ নিশ্চিত করবেন। বিস্কুট গ্রহণের পূর্বে শিক্ষার্থীদের হাত অবশ্যই ভাল করে পরিষ্কার পানি দিয়ে ধুয়ে নিতে হবে। শিক্ষার্থীরা যাতে করে একসাথে প্যাকেটের সবগুলো বিস্কুট না খায় সেবিষয়টি নিশ্চিত করতে হবে। প্রতি ক্লাশ সময়ে ২/৩ টি করে বিস্কুট শিক্ষার্থীরা খাবে। সাথে সাথে প্রয়োজন মত বিশুদ্ধ পানি পান করবে। সরবরাহকৃত বিস্কুট কোন শিক্ষার্থী বাড়ি নিয়ে যেতে পারবে না, কিংবা ভাগাভাগি করেও খেতে পারবে না। বিস্কুট খাওয়ার পর খালি প্যাকেটগুলো যথাস্থানে ফেলতে হবে। প্রধান শিক্ষক পুরো বিষয়টি তত্ত্বাবধান করবেন।

৪। প্রকল্পের বিস্কুট বিতরণ কার্যক্রম সুষ্ঠু বাস্তবায়নের লক্ষ্যে ইতোমধ্যে ৫ টি বিস্কুট ফ্যাক্টরী ও ৯ টি এনজিও নিয়োগ করা হয়েছে। বিস্কুটের গুনগত মান নিশ্চিত করার জন্য একটি নিরপেক্ষ কোয়ালিটি কন্ট্রোল এজেন্সী নিয়োগ করা হয়েছে। নির্বাচিত বিস্কুট ফ্যাক্টরী প্রয়োজনীয় বিস্কুট পাক্ষিক/মাসিক ভিত্তিতে দায়িত্বপ্রাপ্ত এনজিও কর্তৃক পরিচালিত ওয়্যারহাউজে প্রেরণ করবে। বিস্কুট ফ্যাক্টরীর নিকট থেকে বিস্কুট প্রাপ্তির পর দায়িত্বপ্রাপ্ত এনজিও তাৎক্ষণিকভাবে নির্ধারিত ছকে প্রতিবেদন প্রস্তুত করে প্রকল্প অফিসে প্রেরণ করবে। দায়িত্বপ্রাপ্ত এনজিও প্রত্যেক বিদ্যালয়ে মাসিক/পাক্ষিক ভিত্তিতে বিস্কুট প্রেরণ নিশ্চিত করবে। দায়িত্বপ্রাপ্ত এনজিও এর নিকট থেকে বিস্কুট বুঝে পাওয়ার পর প্রধান শিক্ষক নির্ধারিত ছকে প্রাপ্তি স্বীকার করবেন এবং উহার একটি কপি বিদ্যালয়ে সংরক্ষণ করবেন। বিদ্যালয়ের প্রধান শিক্ষক সুরক্ষিত, নিরাপদ স্থানে প্রাপ্ত বিস্কুটের সংরক্ষণ নিশ্চিত করবেন এবং যথানিয়মে তা শিক্ষার্থীদের মাঝে বিতরণ নিশ্চিত করবেন।

৫। শিক্ষার্থীদের মাঝে বিস্কুট বিতরণের পর দায়িত্বপ্রাপ্ত শ্রেণি শিক্ষক প্রতিদিন দৈনন্দিন উপস্থিতি কার্ড পূরণ করে তা নিজের কাছে সংরক্ষণ করবেন এবং মাস শেষে উহা প্রধান শিক্ষকের নিকট জমা দিবেন। প্রধান শিক্ষক মাস শেষে শ্রেণি শিক্ষকের নিকট থেকে প্রাপ্ত নির্ধারিত পূরণকৃত ছকটি প্রতিস্বাক্ষর করে নিজ অফিসে সংরক্ষণ করবেন এবং এর ভিত্তিতে তিনি বিদ্যালয়ভিত্তিক নির্ধারিত ছকে একটি প্রতিবেদন প্রস্তুত করে এনজিও প্রতিনিধির স্বাক্ষরসহ উপজেলা শিক্ষা কর্মকর্তার বরাবর প্রেরণ করবেন। দায়িত্বপ্রাপ্ত এনজিও নির্ধারিত ছকে উপজেলা ভিত্তিক প্রতিবেদন প্রণয়ন করে উপজেলা শিক্ষা কর্মকর্তার প্রতিস্বাক্ষর গ্রহণ করবেন এবং প্রতিবেদনটি পরবর্তী মাসের ৩ তারিখের মধ্যে প্রকল্প অফিসে প্রেরণ নিশ্চিত করবেন। দায়িত্বপ্রাপ্ত এনজিও বিস্কুট গ্রহণ ও বিতরণের পৃথক আরেকটি প্রতিবেদন ছক পূরণ করে প্রকল্প কার্যালয়ে একই তারিখের মধ্যে প্রেরণ নিশ্চিত করবেন। প্রতিবেদন প্রণয়ন/সংগ্রহ/প্রেরণ কাজে দায়িত্বপ্রাপ্ত এনজিও প্রতিনিধিগণ প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবেন।

৬। স্কুল ফিডিং সরকারের একটি গুরুত্বপূর্ণ অগ্রাধিকারভুক্ত প্রকল্প এবং এই প্রথমবারের মত সম্পূর্ণ সরকারী অর্থায়নে প্রকল্পটি বাস্তবায়ন করা হয়েছে। এটি বাস্তবায়নের ক্ষেত্রে প্রাথমিক শিক্ষা বিভাগীয় কর্মকর্তাগণের বিশেষ করে জেলা ও উপজেলা পর্যায়ের কর্মকর্তা এবং শিক্ষক বৃন্দের কার্যকর ভূমিকা অনস্বীকার্য। প্রধান শিক্ষক তাঁর সহকারী শিক্ষকগণের সনম্বয়ে বিস্কুট বিতরণ

নিশ্চিত করবেন ও নির্দিষ্ট ছকে প্রতিবেদন প্রেরণসহ প্রয়োজনীয় অন্যান্য দায়িত্ব পালন করবেন। সহকারী উপজেলা শিক্ষা কর্মকর্তাগণ দায়িত্বপ্রাপ্ত ক্লাস্টারে সুষ্ঠুভাবে বিস্কুট বিতরণ নিশ্চতকল্পে প্রয়োজনীয় তদারকী করবেন ও প্রয়োজন মাফিক পরামর্শ প্রদান করবেন। সহকারী উপজেলা শিক্ষা অফিসার, উপজেলা শিক্ষা কর্মকর্তাগণ তাঁদের নিয়মিত পরিদর্শনে বিস্কুট বিতরণ কার্যক্রম মনিটর করবেন, দায়িত্বপ্রাপ্ত এনজিওকে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবেন। নির্দিষ্ট ছকে বিস্কুট বিতরণ সম্পর্কীয় প্রতিবেদন যথারীতি কর্তৃপক্ষের নিকট প্রেরণ করবেন। বিস্কুট বিতরণে কোন প্রকার ব্যত্যয় ঘটলে তাৎক্ষণিকভাবে তা কর্তৃপক্ষকে অবহিত করবেন। পিটিআই সুপারিনটেন্ডেন্ট, ইউআরসি ইনস্ট্রাকটর/সহকারী ইনস্ট্রাক্টর বিদ্যালয় পরিদর্শনকালে স্কুল ফিডিং কার্যক্রম মনিটর করবেন। জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা ও সহকারী জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তাগণ তাদের নিয়মিত পরিদর্শনে বিস্কুট বিতরণ কার্যক্রম মনিটর করবেন । এছাড়া জেলা, উপজেলা পর্যায়ের বর্ণিত কর্মকর্তাগণ স্কুল ফিডিং কার্যক্রমের আওতায় অনুষ্ঠেয় বিভিন্ন সভা, সেমিনার, ওরিয়েন্টেশন, ওয়ার্কশপ ইত্যাদিসহ প্রয়োজনীয় সকল ক্ষেত্রে সহায়তা প্রদান করবেন। স্কুল ফিডিং কার্যক্রম-সংশ্লিষ্ট বিষয় জেলা প্রাথমিক শিক্ষা অফিসার এবং উপজেলা শিক্ষা অফিসার নিয়মিত এজেন্ডা হিসেবে জেলা এবং উপজেলা পর্যায়ের মাসিক সমন্বয় সভায় আলোচ্যসূচি-ভুক্ত করবেন। সমন্বয় সভাতে দায়িত্বপ্রাপ্ত এনজিও প্রতিনিধিকে উপস্থিত থাকার বিষয়টি নিশ্চিত করতে হবে। বিভাগীয় উপপরিচালকসহ অধিদপ্তরের কর্মকর্তাগণ মাঠ পর্যায়ে পরিদর্শনকালে স্কুল ফিডিং কার্যক্রম মনিটর করবেন। এছাড়া জেলা ও উপজেলা প্রশাসনের কর্মকর্তাবৃন্দ এবং উপজেলা পরিষদের নির্বাচিত জনপ্রতিনিধিবৃন্দ প্রয়োজন অনুযায়ী স্কুল ফিডিং কার্যক্রম মনিটর করতে পারবেন। সংশ্লিষ্ট বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটি স্কুল ফিডিং কার্যক্রম বাস্তবায়নে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবে।

৭। স্কুল ফিডিং কার্যক্রমের সফল বাস্তবায়ন নিশ্চিতকরনার্থে বর্ণিত নির্দেশনাসমূহ যথাযথভাবে অনুসরণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো। প্রকল্প বাস্তবায়ন কালে মাঠ পর্যায়ে কোন জটিলতা পরিলক্ষিত হলে তা প্রকল্প পরিচালকের দৃষ্টিগোচর করা যেতে পারে।

(শ্যামল কান্তি ঘোষ)
মহাপরিচালক
ফোনঃ ৮০৫৭৮৭৭

বিতরণ ঃ
১। পরিচালক----------------(সকল), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
২। প্রকল্প পরিচালক, দারিদ্র পীড়িত এলাকায় স্কুল ফিডিং প্রোগ্রাম, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
৩। জেলা প্রশাসক ------------------------------------
৪। বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা-----------------------------------
৫। উপজেলা পরিষদ চেয়্যারম্যান------------------------------
৬। উপজেলা নির্বাহী অফিসার--------------------
৭। জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা-----------------
৮। সুপারিনটেনডেন্ট, পিটিআই-----------------------
৯। প্রোগ্রাম অফিসার, WFP/PLU
১০। উপজেলা শিক্ষা কর্মকর্তা-----------
১১। ইনস্ট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার -----------------
১২। সহকারী উপজেলা শিক্ষা অফিসার -----------------------(সকল)
১৩। সহকারী ইনস্ট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার -------------------------
১৪। প্রধান শিক্ষক ------------------সরকারি প্রাথমিক বিদ্যালয়, ------------------
১৫। ---(এনজিও)

অনুলিপি ঃ
১। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়.বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(সচিব মহোদয়ের সদয় জ্ঞাতার্থে)